

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৬২৭

আগরতলা, ৪ ফেব্রুয়ারি, ২০২৫

নবজাত শিশুর স্বাস্থ্য পরীক্ষা



উত্তর ত্রিপুরা জেলার দামছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীন খুংসুরাই পাড়া আয়ুর্মান আরোগ্য মন্দিরে অন্তর্গত নতুনপাড়ায় স্বাস্থ্যকর্মীগণ গত ৩০ জানুয়ারি ইন্দ্রাণী রিয়াংয়ের বাড়িতে পরিদর্শন করেন। উল্লেখ্য, গত ২৭ জানুয়ারি দামছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ইন্দ্রাণী রিয়াং পুত্র সন্তান প্রসব করেন। শিশুটি দুই কেজি আটশ গ্রাম ওজনের ছিল। হাসপাতাল থেকে ছাড়া পাবার পর স্বাস্থ্যকর্মীরা নিয়মিত তাদের বাড়িতে গিয়ে শিশুটির শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন। চার দিন পর আশা ফেসিলিটেটর কায়েন মালা রিয়াং এবং আশাকর্মী দরচুরুং রিয়াং বাড়িতে পরিদর্শনকালে শিশুর মাতৃদুগ্ধ পান সঠিক ভাবে করাচ্ছে কিনা এবং শিশুটির শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করেন। পর্যবেক্ষণে দেখা যায় যে, শিশুটির ওজন বেড়ে দুই কেজি নয়শ গ্রাম হয়েছে। এই কর্মসূচিতে আশাকর্মীরা স্বাস্থ্যবিধি মেনে নবজাতককে শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করেন। পাশাপাশি নবজাত শিশুর ওজন পরিমাপ করা, শিশুকে মায়ের বুকের দুগ্ধ পান করানোর গুরুত্ব ও ছয় মাস পর্যন্ত শিশুদের একমাত্র মায়ের বুকের দুগ্ধ পান করানো এবং ছয় মাস পর থেকে অন্যান্য পরিপূরক ও সুষম পুষ্টিকর খাদ্য খাওয়ানোর জন্য পরামর্শ প্রদান করেন এবং মায়েরা যাতে পরিষ্কার পরিচ্ছন্ন থাকা, মায়ের রক্তে হিমোগ্লোবিন পরীক্ষা করা, আয়রনযুক্ত খাবারের প্রয়োজনীয়তা ও মায়ের পুষ্টিকর খাদ্য গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*